THIS IS A LOW QUALITY RAW SCAN FILE BY https://sovietbooksinbengali.blogspot.com/ TO READ HIGH QUALITY PRINT READY COPY AND MANY OTHER SUCH BOOKS PLEASE VISIT THE ABOVE BLOG.

চুনোপুঁটি

THIS IS A LOW QUALITY RAW SCAN FILE BY https://sovietbooksinbengali.blogspot.com/ TO READ HIGH QUALITY PRINT READY COPY AND MANY OTHER SUCH BOOKS PLEASE VISIT THE ABOVE BLOG.

© বাংলা অনুবাদ · সচিত্র · প্রগতি প্রকাশন· ১৯৭৪

THIS IS A LOW QUALITY RAW SCAN FILE BY https://sovietbooksinbengali.blogspot.com/ TO READ HIGH QUALITY PRINT READY COPY AND MANY OTHER SUCH BOOKS PLEASE VISIT THE ABOVE BLOG.

চুনোপুঁটি

লৌকিক ছড়া ও রগড়

ছবি এঁকেছেন ইউরি ভাসনেৎসভ



প্রগতি প্রকাশন · মস্কো

THIS IS A LOW QUALITY RAW SCAN FILE BY https://sovietbooksinbengali.blogspot.com/ TO READ HIGH QUALITY PRINT READY COPY AND MANY OTHER SUCH BOOKS PLEASE VISIT THE ABOVE BLOG.

গেল বেড়াল
সাঁকোর তলে
মাছ ধরলে নদীর জলে।

ভাবছে বেড়াল:
নিজেই খাবে,
নাকি মায়াকে
দিয়ে যাবে?

THIS IS A LOW QUALITY RAW SCAN FILE BY https://sovietbooksinbengali.blogspot.com/ TO READ HIGH QUALITY PRINT READY COPY AND MANY OTHER SUCH BOOKS PLEASE VISIT THE ABOVE BLOG.

নদীতে
হুটোপুটি, —
নাচছে চুনোপুঁটি:
একটা বড়োর দল,
একটা ছোটোর দল,
একটা একেবারেই
ছোট্টটি!



THIS IS A LOW QUALITY RAW SCAN FILE BY https://sovietbooksinbengali.blogspot.com/ TO READ HIGH QUALITY PRINT READY COPY AND MANY OTHER SUCH BOOKS PLEASE VISIT THE ABOVE BLOG.

শুয়োরী মা নিজের ঘরে
ছানাকে আদর করে:
‘কী আমার লক্ষ্মী ছেলে,
চলনটি দুলে-হেলে,
গতরে মাংস কত,
লেজটি হুকের মতো,
দুটি কান খোঁচা-খোঁচা,
নাকটা কেবল বোঁচা!’

THIS IS A LOW QUALITY RAW SCAN FILE BY https://sovietbooksinbengali.blogspot.com/ TO READ HIGH QUALITY PRINT READY COPY AND MANY OTHER SUCH BOOKS PLEASE VISIT THE ABOVE BLOG.

THIS IS A LOW QUALITY RAW SCAN FILE BY https://sovietbooksinbengali.blogspot.com/ TO READ HIGH QUALITY PRINT READY COPY AND MANY OTHER SUCH BOOKS PLEASE VISIT THE ABOVE BLOG.

অতিথি সব আসছে নানা:
জুতো পায়ে মুরগী ছানা,

মোরগ আসে বুক ফুলিয়ে,
মুরগী আসে দুল দুলিয়ে,

THIS IS A LOW QUALITY RAW SCAN FILE BY https://sovietbooksinbengali.blogspot.com/ TO READ HIGH QUALITY PRINT READY COPY AND MANY OTHER SUCH BOOKS PLEASE VISIT THE ABOVE BLOG.

মর্দা হাঁস ফুলবাবুটি,
পাতিহাঁসও তারই জুটি,

এবার একটু দাঁড়াও সরে,
গরু আসছে ঘাঘরা পরে।

THIS IS A LOW QUALITY RAW SCAN FILE BY https://sovietbooksinbengali.blogspot.com/ TO READ HIGH QUALITY PRINT READY COPY AND MANY OTHER SUCH BOOKS PLEASE VISIT THE ABOVE BLOG.

সজারু দাদু, শুনছ কানে?
যেও নাকো ঘাটের পানে:

সেখানেতে বরফ গলে,
একাকার জলে জলে।

যাবে ভিজে দু'পা তোমার,
ঘুচে যাবে জুতোর বাহার!



THIS IS A LOW QUALITY RAW SCAN FILE BY https://sovietbooksinbengali.blogspot.com/ TO READ HIGH QUALITY PRINT READY COPY AND MANY OTHER SUCH BOOKS PLEASE VISIT THE ABOVE BLOG.

খরগোসটা — ওরে, ওরে,
পুকুরে গেল পড়ে।
ছুটে যা
পাড়ের কাছে!
বেচারি
যেন বাঁচে!



THIS IS A LOW QUALITY RAW SCAN FILE BY https://sovietbooksinbengali.blogspot.com/ TO READ HIGH QUALITY PRINT READY COPY AND MANY OTHER SUCH BOOKS PLEASE VISIT THE ABOVE BLOG.

নেকড়ে এঁচড়-পাকা,
ঝাঁকড়া লোমে ঢাকা,

ছুটল বনের পাশে,
পড়ল ঝোপের ফাঁসে,

আটকে গেল-যে লেজ,
অমনি ফুরুল তেজ।

THIS IS A LOW QUALITY RAW SCAN FILE BY https://sovietbooksinbengali.blogspot.com/ TO READ HIGH QUALITY PRINT READY COPY AND MANY OTHER SUCH BOOKS PLEASE VISIT THE ABOVE BLOG.

চলছে শেয়াল তাড়াহুড়ি,
সঙ্গে তার মস্তো ঝুড়ি।
'ঝুড়িটায় আছে কী হে?'
'চলছি ব্যাঙের ছাতা নিয়ে,
গাদা গাদা গেলাম পেয়ে,
খাবে আমার ছেলে-মেয়ে।'



THIS IS A LOW QUALITY RAW SCAN FILE BY https://sovietbooksinbengali.blogspot.com/ TO READ HIGH QUALITY PRINT READY COPY AND MANY OTHER SUCH BOOKS PLEASE VISIT THE ABOVE BLOG.

কাঠ-বিড়ালী সই
চালুনি চেপে ওই,
চলল ভেসে ওই।
লাইম গাছের ছাল
হয়েছে তার পাল,
বাঁক হয়েছে দাঁড়...
গোড়া থেকেই শুরু
করব কি আবার?



THIS IS A LOW QUALITY RAW SCAN FILE BY https://sovietbooksinbengali.blogspot.com/ TO READ HIGH QUALITY PRINT READY COPY AND MANY OTHER SUCH BOOKS PLEASE VISIT THE ABOVE BLOG.

THIS IS A LOW QUALITY RAW SCAN FILE BY https://sovietbooksinbengali.blogspot.com/ TO READ HIGH QUALITY PRINT READY COPY AND MANY OTHER SUCH BOOKS PLEASE VISIT THE ABOVE BLOG.

অনুবাদ: ননী ভৌমিক

ЕРШИ-МАЛЫШИ

Народные песенки и потешки

На языке бенгали

Е $\frac{70801\text{-}144}{014\,(01)\text{-}74}$ 599-74